পুরী-স্মৃতি

少少沙漠心心

শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(28 Rections)

প্রকাশক কালীপ্রসন্ন নাথ রিপণ লাইব্রেরী, ঢাকা

প্রথম সংস্করণ

100+

যুল্য আট আনা মাক্র

পুরী-স্মৃতি

少少沙漠心心

শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(28 Rections)

প্রকাশক কালীপ্রসন্ন নাথ রিপণ লাইব্রেরী, ঢাকা

প্রথম সংস্করণ

100+

যুল্য আট আনা মাক্র

প্রিকার—শ্বীবোগেন্তান্ত দাস এপোসিয়েটেড, প্রিন্টিং প্রয়ার্কস অব্ দি এসোসিয়েটেড, প্রিন্টিং এণ্ড পাবলিসিং কোং লিমিটেড, ৪০নং কল্ডাবাজার, ঢাকা।

ভূমিকা

পুরীতীর্থ শারে পুরুষোত্তমক্ষেত্র নামে পরিচিত। ইহা ভারতের একটি প্রধান তীর্থ এবং ইহার মাহাত্ম্য হিন্দু মাত্রেই অবগত আছেন। প্রতি বৎসর লক লক নরনারী চক্দন-যাত্রা. স্নান-যাত্রা ও রথ-যাত্রা প্রভৃতি পর্বেরাপলক্ষে এই পবিত্র ক্ষেত্রে ধর্মার্জ্জনের জন্ম আগমন করেন এবং ইহার স্বর্গীয় ভাবপূর্ণ বিচিত্রকারুকার্যাথচিত মন্দির, পবিত্র মঠ ও সাধু মহাজাদের আশ্রম সকল দেখিয়া মুগ্ধ হন। বাস্তবিকই পুরী প্রাকৃতিক সৌন্দর্য্যে ও বিচিত্র মন্দিরে অতুলনীয়। ইহা একবার দেখিলে পুনঃ পুনঃ দেখিবার ইচ্ছা জন্মে, এবং আত্মীয়-স্বজন ও বন্ধু, বান্ধব সকলকে দেখাইবার আকাজ্ঞা বলবতী হয়। কিন্তু অতি অল্ল লোকের ভাগ্যেই এই পুণ্য-ক্ষেত্রের একাধিক বার দর্শন হইয়া থাকে। /আর মামুযে যাহা স্থন্দর, মনোরম ও পবিত্র বলিয়া মনে করে তাহার কোন স্মৃতি পাইলে আদরের সহিত গ্রহণ করে। এই উভয় কারণে তীর্থ-যাত্রিগণের ও ধর্ম্মপ্রাণ হিন্দু নরনারী-গণের তৃপ্তির জন্ম "পুরীর স্মৃতি" এই নামে পুরীর সমস্ত প্রসিদ্ধ মন্দির ও স্থানের চিত্র বাহির করিলাম।) সকলের স্থবিধার জন্ম মূল্য যত দূর সম্ভব সস্তা করিয়াছি,অথচ চিত্র খারাপ না হয় তাহারও চেষ্টা করিয়াছি। ধর্মপ্রাণ ও সহৃদয় দেশবাসিগণের ইহা তৃপ্তিকর

হইলে নিজকে ধন্য মনে করিব। নানা কারণে প্রথম সংস্করণ অত্যন্ত তাড়াতাড়ি করিয়া বাহির করিতে হইল। সেই জন্য গ্রন্থখানি সর্ববাঙ্গ স্থান্দর করিতে পারিলাম না। পরবর্তী সংস্করণে রঙিন্ চিত্র সন্নিবেশিত করিয়া প্রকাশ করিবার বাসনা রহিল। আশা করি সহৃদয় ব্যক্তিগণের সহামুভূতি হইতে বঞ্চিত হইব না।

পরিশেষে কৃতজ্ঞতার সহিত্ত স্বীকার করিতেছি যে, আমার কয়েক জন বন্ধু ও বিশেষতঃ বাবু নির্মালচন্দ্র বস্থু বি,এ মহাশয় এই চিত্র পুস্তক বাহির করিতে যথেষ্ট সাহায্য করিয়াছেন। তাঁহারা সাহায্য না করিলে এবং প্রসিদ্ধ ইমার-মঠের উদার-হৃদয় মহন্ত মহারাজের উৎসাহ না পাইলে আমি এই ছুদ্ধরকার্য্যে হস্তক্ষেপ করিতে সাহসী হইতাম না।

ইংশে মাঘ গ্রীপঞ্চমী ১৩৩০

শ্রীশরৎচক্ত চট্টোপাধ্যায়। ট্রেনিং কলেজ, ঢাকা।

চিত্র পরিচয়

আইার নালা—এই সেতু প্রায় ৯০০ শত বংসর
পূর্বেব নির্দ্মিত হইয়াছিল। ইহার নির্দ্মাণ-কৌশল এতই স্থানর
যে, ইহা এখনও স্থানরভাবে আছে। পূর্বেব যখন যাত্রীরা হাঁটিয়া
জগন্নাথদেব দর্শন করিবার জন্ম আসিতেন তখন পাণ্ডাগণ এই
সেতু হইতে তাহাদিগকে জগনাথদেবের মন্দিরের চূড়া ও ধ্বজা
দেখাইয়া পয়সালইত। এইজন্ম ইহা পুস্তকের প্রথমে দেওয়া হইল।

- ১। ব্রহেথ ক্রীক্রীক্তাপালাথ দেবল—শান্তে লিখিত আছে যে, এই রথে জগন্নাথদেবকে ফিনি একবার দর্শন করিবেন তাহার পুনর্জনা হইবে না। "রথে তু বামনং দৃষ্ট্বা পুনর্জনা নবিভাতে"। এই রথের নাম গরুড়ধ্বজ। ইহার ১৬ খানি চাকা আছে, এবং ইহা উচ্চে ২২ হাত।
- । প্রীপ্রীজগরাথদেবের মন্দিরের পশ্চিম দেরজা।
- ু প্রত্যা প্রত্যা প্রত্যা প্রত্যা বিদ্যা বিদ্যা প্রত্যা প্রত
- ৪। শ্রীশ্রীক্তপশ্রাথদেবের সন্দিরের দক্ষিণ দের জ্যা—ইহার পার্শ্বে মহাবীর হনুমান্ দেবের অতিকায় মূর্ত্তি আছে।
 - ে। শ্রীশ্রীজ্বসঙ্গাহ্মাহ্মদেশের সন্দিরেরর সিংহ-দ্রোর—এই দ্বারের উভয়পার্শে জয় ও বিজয়ের প্রতিমূর্ত্তি ও

যেখানে শ্রীমন্দির অবস্থিত, পুরাণের মত অনুসারে সেখানে নীলাচল নামে পর্বত ছিল এবং তাহার উপর নীলমাধ্ব অবস্থান করিতেন। কালক্রমে এই ভূধর বালুকাগর্ভে প্রোথিত হইয়া যায় এবং নীলমাধবের তিরোভাব ঘটে। এই সংবাদ বিষ্ণুভক্ত মহারাজ ইন্দ্রত্যুম্ম নারদের নিকট অবগত হন। পরে তিনি অনেক যাগ-যজ্ঞ ও সাধনা করিয়া স্বাপ্নে দেখেন যে শ্বেজ জ্বীপে কল্পক্রমের তলদেশে মণিমুক্তাদি খচিত স্বর্ণ-মগুপের মধ্যে রত্ন সিংহাসনে বনমালা-ভূষিত পীতাম্বরধারী ভগবান্ বিষ্ণুঃ অবস্থিত, তাঁহার দক্ষিণে দেবী স্বভন্তা, তদ্দক্ষিণে নীলাম্বরধারী বলদেব এবং তাঁহার বামভাগে স্থদর্শন-চক্র অবস্থিত। এই স্বপ্ন দর্শনের পর দিন মহারাজ শঙ্খচক্রাঞ্চিত একটি বৃক্ষ সমুদ্রতীরে দেখিতে পান। নারদের আদেশে মহারাজ মহাসমারোহে এই বৃক্ষ লইয়া আসেন এবং ভগবানের কুপায় একজন শিল্পী আসিয়া মহারাজের স্বপ্ন-দৃষ্ট মূর্ত্তি সকল নির্মাণ করিয়া চলিয়া যায়। যেখানে নীলাচল ভূগর্ভে প্রোথিত হইয়াছিল ইন্দ্রচ্যুত্ম ভাহার উপর সহস্র-হস্ত-পরিমিত মন্দির নির্ম্মাণ করিয়া দারুব্রস্কোর প্রতিষ্ঠা করেন। ইহাই শ্রীশ্রীজগন্ধাথদেবের মূর্ত্তি ও মন্দিরের পৌরাণিক ইতিহাস। পরে অনেক বড় বড় হিন্দুরাজারা এই মন্দিরের যথেষ্ট উন্নতি সাধন করেন। স্থলেমান কররাণির রাজত্বকালে কালাপাহাড় উড়িষ্যা জয় করেন এবং পুরী ও ভুবনেশরের অনেক দেব-মূর্ত্তি ও মন্দির ধ্বংস করিয়া জগগ্লাথ-THE STATE AND A PRINCE PRINCE A PARTY INCHES

তৎপরে বিশার মহান্তি নামক একজন উড়িয়াবাসী ভক্ত দক্ষ জগন্নাথদেবকে উত্তোলন করিয়া নাভিস্থলের দারুকে উদ্ধার করেন, এবং পরিশেষে এক হিন্দুরাজার সাহায্যে এক নূতন প্রতিমানির্মাণ ও ইহার নাভিস্থলে দারুখণ্ড সংস্থাপন পূর্বক উক্ত মৃত্তি প্রতিষ্ঠা করেন। আমরা জগন্নাথদেবের যে মূর্ত্তি দর্শন করিয়া ধন্তা হই, ইহা সেই মূর্ত্তি। মহারাজ ইন্দ্রত্বান্ধের নিশ্মিত মূর্ত্তি আর নাই।

এখন জগন্নাথদেবের মূর্ত্তি সম্বন্ধে চুই একটি কথা বলিয়া এই বিষয়টি শেষ করিব। যে উড়িয়ার শিল্পী মন্দির-নির্মাণে ও মন্দিরের গাত্রস্থ মূর্ত্তি নির্ম্মাণে যথেষ্ট শিল্পচাতুর্যোর পরিচয় দিয়াছেন, সেইস্থানে জগন্নাথদেব প্রভৃতির মূর্ত্তি এরূপ বিকৃত হইল কেন এই প্রশ্ন অনেকে জিজ্ঞাসঃ করিয়া থাকেন। (করচরণবিহীন মূর্ত্তি নির্ম্মাণের কারণ শিল্পীরা স্থন্দর মূর্ত্তি নির্ম্মাণে অক্ষম বলিয়া নহে। ইহার প্রাকৃত কারণ হিন্দুরা পৌত্তলিক ছিলেন না। তাঁহারা নিরাকার পরত্রকোর উপাসনা করিতেন ৷ উত্তর-মীমাংসায় হস্তপদ-রহিত সর্বব্যাপক ত্রন্ধের উপাসনা প্রকটিত হয়।) নিরাকার উপাসনাতে শ্রহ্মা কমিয়া আসিলে সাধকগণের হিতার্থে ও কার যন্ত্রানুযায়ী জগল্পাথদেবের মূর্ত্তি নির্দ্মিত হয়। ওঁ নিরাকার ব্রক্ষের কর-চরণবিহীন পূর্ণ মূর্ত্তি। ওঁ ত্রিগুণাত্মক বলিয়া জগন্ধাথ, স্বভদ্রা ও বলদেব এই ত্রিমূর্ত্তি গঠিত হইয়াছে।


(৬) ব্রহ্মহাক্রা—মধ্যে দাদশ চক্র সমন্বিত স্থভ্যা দেবীর

রথ এবং বামে ষষ্ঠদশ চক্রবিশিষ্ট শ্রীশ্রীজগন্ধাথ দেবের গরুড়ধ্বজ রথ।

- (৭) স্থান্থাক্রা— জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা তিথিতে স্থান্যাত্রা অনুষ্ঠিত হয়। এই সময়ে স্বয়ং জগন্ধাথ দেব, বলভদ্র ও স্থভদ্রা এই মূর্ত্তিত্রয়ের 'পাক্তণ্ডি' বিজয় করাইয়া স্থান-বেদীতে স্থাপন করা হয়। এই বেদী রাজা অনঙ্গভীমদেবের সময় নির্মিত হয়।
- ৮) ভশ্দেশ্যাক্রা—নরেন্দ্র-সরোবর—নরেন্দ্র সরোবরে অক্ষয়-তৃতীয়া হইতে জ্যৈষ্ঠমাসের শুক্লাফ্রমী তিথি পর্য্যন্ত শ্রীশ্রীজগন্নাথ দেবের প্রতিনিধি মদনমোহন প্রত্যহ বিহার করেন। সেই সময় পুরী উৎসবে পূর্ণ থাকে। এই সরোবরের উত্তরপশ্চিম-কোণে অনাথ আশ্রম।
- (৯) শুশুল বাড়ী—ইন্দ্রচান্ন মহারাজের পট্রমহিষীর
 নাম "গুণ্ডিচা" ছিল। তাঁহার নাম অনুসারে এই বাড়ার নাম
 গুণ্ডিচা হইয়াছে। এই অট্টালিকার নিকট মহারাজ ইন্দ্রতান্ন
 অন্ধমেধ যজ্ঞ করিয়াছিলেন। রথের সময় শ্রীশ্রীজগন্নাথ দেব,
 বলরাম ও স্বভদ্রা রথারোহণে এইস্থানে আসিয়া এক সপ্তাহ
 অবস্থান করেন। আজকাল গুণ্ডিচা-বাড়ী বলিলে রথবাড়ী বুঝায়।
- (১০) শুপ্তিচা বাড়ীর সদরে দরজা—এই ছারের উপরিভাগে কৃষ্ণপ্রস্তরের উপর খোদাই করা নবগ্রহের মূর্ত্তি অতি চমৎকার।
- (১১) শুগুলি বাড়ীর দক্ষিণ দেরজ্য-পুনর্যাত্রার সময় শ্রীশ্রীজগন্নাথ দেব এই দরকা দিয়া বাহির হন।



শ্রীশ্রীজগন্নাথদেবের রথযাতা।




শ্রীক্রাক্রাথদেবের মন্দিরের পশ্চিম দরজা।



শ্রীশ্রীজগন্ধাথদেবের মন্দিরের সম্মুখ দৃশ্য।




শ্রী শ্রীজগন্ধাথদেবের মন্দিরের দক্ষিণ দরজা।



শ্রীশ্রীজগন্ধাথদেবের মন্দিরের সিংহ দার।



রথ যাত্রা ৷



শ্রীশ্রীজগন্ধাথদেবের স্নান্যাত্রা।



'ন**রেন্দ্র-সরো**বর।



গুভিচা বাড়ী।




গুণ্ডিচা বাড়ার সদর দরজা।



গুণ্ডিচা বাডীর দক্ষিণ দরজা।



গুণ্ডিচা বাড়ীর নিকট ৺নৃসিংহদেবের মন্দির।



মার্কণ্ডের সরোবর।



লোকনাথ দেবের মন্দির।



পঞ্চ পাণ্ডব আশ্রম।



পুটিয়া রাণীর মন্দির।



সাধু হরিদাসের সমাধি।



সিন্ধ বকুল।



বাট লোকনাথের মন্দির।



খেতগঙ্গা।



চক্রতীর্থ।



শশ্মান—সমুদ্রতীরে স্বর্গদার পুরী।



ইক্ত্রান্দ্র সরোবর।




জটিয়া বাবার সমাধি।



শকর মঠ।





রাধাকান্ত মঠ।



ভেঙ্গাটাচারী মঠ।